# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২০৭. সুখ স্বর্গীয়

(ধনী-দরিদ্রের সাথে সুখের কোন সম্পর্ক নেই)

শ্রমিকরা দিন এনে দিন খায় (উদ্দেশ্য-যে দিনকার আয় সে দিনই খেয়ে শেষ করে) এমনটা দেখা অসাধারণ কিছু নয় (এমনটা প্রায়ই দেখা যায়)। তবুও তাদের অনেকেই সুখী, শান্তিপূর্ণ এবং শক্তিশালী ও প্রশান্ত আত্মার অধিকারী। এর কারণ হলো-তারা এত ব্যস্ত যে তারা গতকাল বা আগামীকাল সম্বন্ধে ভাববার সময় পায় না। তাদের জীবন যাত্রার ধরন তাদেরকে শুধুমাত্র আজকের দিনের মূল্যায়নই শিক্ষা দেয় বা আজকের দিনটির গুরুত্বই বুঝতে দেয়, এ কারণেই তারা অন্য কিছু নিয়ে ভাববার সুযোগ পায় না।

যারা অট্টালিকায় বাস করে তাদের সাথে এদের তুলনা করে দেখুন। কার্যহীনতা ও অবসর সময় তাদের সমস্যা ও জীবনের উদ্দেশ্যহীনতা নিয়ে ভাবতে প্রচুর সময় যোগায়। এভাবে তাদের অনেককেই দিন-রাত দুর্দশা ও দুশ্চিন্তা আক্রান্ত করে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7715

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন